২০২৩

বাংলা - সাধারণ

চতুর্থ সেমেস্টার

পত্র : GE/CC-4

(বাংলা কথাসাহিত্য ও প্রবন্ধ)

পূর্ণমান - ৬৫

প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

১। (ক) 'পল্লীসমাজ' উপন্যাসে গ্রামবাংলার সামাজিক দলাদলির যে চিত্র পরিস্ফুট হয়েছে তা নিজের ভাষায় লেখো। ১০

অথবা,

(খ) 'পল্লীসমাজ' উপন্যাসে বিশ্বেশ্বরী চরিত্রটির গুরুত্ব বিচার করো। ১০

২। (ক) 'হারানের নাতজামাই' গল্পটির নামকরণের সার্থকতা বিচার করো। ১০

অথবা,

(খ) 'মতিলাল পাদরী' গল্প অবলম্বনে মতিলাল পাদরী চরিত্রটির পরিচয় দাও। ১০

৩। (ক) "এইজন্যেই আমাদের দেশের বিদ্যানিকেতনকে পূর্ব-পশ্চিমের মিলন-নিকেতন করে তুলতে হবে, এই আমার অন্তরের কামনা" — 'শিক্ষার মিলন' প্রবন্ধ অবলম্বনে লেখকের অন্তরের কামনাটি বুঝিয়ে দাও। ১০

অথবা,

(খ) রবীন্দ্রনাথের 'মেঘদূত' প্রবন্ধটি কালিদাসের 'মেঘদূত' কাব্যের নব মূল্যায়ন। —ব্যাখ্যা করো। ১০

৪। (ক) "যে যতই বলুক না কেন, এতখানি বিষ জিভ দিয়ে ছড়াতে তোমার মত কেউ তো পেরে উঠত না।" — কে, কার সম্বন্ধে একথা বলেছে? বিষ ছড়ানোর বিষয়টি ব্যাখ্যা করো। ১+১+৩

অথবা,

(খ) "এখনই জোর করে বাঁধ কাটিয়ে দেব— তোমরা পার আটকাবার চেষ্টা করগে।" — এখানে বক্তা কে? কেন তিনি 'বাঁধ' কেটে দিতে চেয়েছেন? ১+৪

৫। (ক) "জয়াবতী যেন মুক্তির নিঃশ্বাস ফেলিয়া বাঁচিলেন।" — প্রসঙ্গ নির্দেশ করে উদ্ধৃতাংশটির তাৎপর্য লেখো। ৫

অথবা,

(খ) 'অশ্বমেধের ঘোড়া' গল্প অবলম্বনে কাঞ্চন ও রেখার ঘোড়ার গাড়ি চড়ে ঘুরতে যাওয়ার অভিজ্ঞতা বর্ণনা করো। ৫

৬। (ক) "পশ্চিমের সংস্রব হইতে বঞ্চিত হইলে ভারতবর্ষ সম্পূর্ণতা হইতে বঞ্চিত হইত।"— মন্তব্যটির তাৎপর্য বিশ্লেষণ করো। ৫

অথবা,

(খ) "কেবল কেকা কেন, ব্যাঙের ডাক এবং ঝিল্লির ঝংকারকে কেহ মধুর বলিতে পারে না। অথচ কবিরা এ শব্দগুলিকেও উপেক্ষা করেন নাই।"— প্রসঙ্গ উল্লেখ করে লেখকের বক্তব্য বুঝিয়ে দাও। ৫

৭। *যে-কোনো একটি* বিষয়ে টীকা লেখো — ৫×১

(ক) ঘোষাল পরিবার

(খ) ক্ষেন্তি

(গ) বর্ষা ও বিরহ।

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও — ১×১৫

(ক) 'পল্লীসমাজ' উপন্যাসে কোন গ্রামের কথা বলা হয়েছে?

(খ) 'পল্লীসমাজ' উপন্যাসটি গ্রন্থরূপে কবে প্রকাশিত হয়?

(গ) রমার পিতার নাম কী?

(ঘ) কোন অপরাধে রমেশকে জেলে যেতে হয়েছিল?

(ঙ) আকবর কে?

(চ) ময়নার প্রকৃত স্বামীর নাম কী?

(ছ) ক্ষেন্তির বাবা ও মায়ের নাম লেখো।

(জ) কাঞ্চনের জীবিকা কী ছিল?

(ঝ) 'আমি সত্যই ক্রিশ্চান নাই গো বাপ্।'— বক্তা কে?

(ঞ) 'ছিন্নমস্তা' গল্পের প্রধান দুটি চরিত্রের নাম লেখো।

(ট) পশ্চিম ভারতে, কে পূর্ব-পশ্চিমের সেতুবন্ধন কাজে জীবনযাপন করেছেন?

(ঠ) "মত্ত দাদুরী, ডাকে ডাহুকী, ফাটি যাওত ছাতিয়া"— উদ্ধৃতাংশটির রচয়িতা কে?

(ড) 'গীতগোবিন্দম্' ও 'কুমারসম্ভবম্'— দুটি কাব্যের প্রসঙ্গ কোন প্রবন্ধে এসেছে?

(ঢ) 'মেঘদূত' প্রবন্ধে উল্লেখিত দুটি প্রাচীন নগরের নাম লেখো।

(ণ) 'শিক্ষার মিলন' প্রবন্ধটির প্রকাশকাল উল্লেখ করো।